# বাংলাদেশ সেনাবাহিনী









# আর্মি মেডিকেল কোরে বিশেষজ্ঞ চিকিৎসক হিসেবে মেজর পদবীতে যোগ দিন
## ১৯তম ডিএসএসসি (স্পেশাল পারপাস) - এএমসি (পুরুষ/মহিলা)

### যোগ্যতাঃ

১। বয়স। ০৪ অক্টোবর ২০১৮ তারিখে অনুর্দ্ধ ৪০ বছর (এফিডেভিট গ্রহণযোগ্য নয়)।

২। শারীরিক মান (ন্যূনতম)ঃ

ক। পুরুষঃ

(১) উচ্চতা ঃ ১.৬৩ মিটার (৫ ফুট ৪ ইঞ্চি)।
(২) ওজন ঃ ৫০.০০ কেজি (১১০ পাউন্ড)।
(৩) বুকের মাপঃ স্বাভাবিক - ০.৭৬ মিটার (৩০ ইঞ্চি)।
প্রসারণ - ০.৮১ মিটার (৩২ ইঞ্চি)।

উচ্চতা ও বয়স অনুসারে ওজন পরিমাপ করা হয়।

খ। মহিলাঃ

(১) উচ্চতাঃ ১.৫৭ মিটার (৫ ফুট ২ ইঞ্চি)।
(২) ওজন ঃ ৪৬.০০ কেজি (১০০ পাউন্ড)।
(৩) বুকের মাপঃ স্বাভাবিক - ০.৭১ মিটার (২৮ ইঞ্চি)।
প্রসারণ - ০.৭৬ মিটার (৩০ ইঞ্চি)।

উচ্চতা ও বয়স অনুসারে ওজন পরিমাপ করা হয়।

৩। শিক্ষাগত যোগ্যতা। এফসিপিএস/এফআরসিএস/এমএস/এমডি অথবা সমমান যা বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল কর্তৃক স্বীকৃত।

৪। বৈবাহিক অবস্থা। পুরুষ/মহিলা - বিবাহিত/অবিবাহিত।

৫। জাতীয়তা। জন্ম/ডোমিসাইল সূত্রে বাংলাদেশী।

৬। ক্যাটাগরী। নিম্নবর্ণিত ক্যাটাগরীসমূহে বিশেষজ্ঞ চিকিৎসকগণ আবেদন করতে পারবেনঃ

a. Cardiologist.
b. Nuclear Medicine.
c. Radiation Oncologist.
d. Medical Oncologist.
e. Surgical Oncologist.
f. Nephrologist.
g. Pulmonologist.
h. Orthopedic Surgeon.
j. Internal Medicine.
k. Gastroenterology.
l. Endocrinology
m. Intensivist.

### অযোগ্যতাঃ

৭। সেনা/নৌ/বিমান বাহিনী অথবা যে কোন সরকারী চাকুরী হতে অপসারিত/বরখাস্ত।

৮। আইএসএসবি (ISSB) কর্তৃক দুইবার স্ক্রিন্ড আউট/প্রত্যাখ্যাত (একবার স্ক্রিন্ড আউট ও একবার প্রত্যাখ্যাত হলে আবেদন করা যাবে)। তবে ০৫ (পাঁচ) বছর পূর্বে ০২ (দুই) বার স্ক্রিন্ড আউট/প্রত্যাখ্যাত প্রার্থীগণও আবেদন করতে পারবেন।

৯। আপিল মেডিকেল বোর্ড কর্তৃক অযোগ্য ঘোষিত।

### আবেদন করার পদ্ধতিঃ

১০। ২৭ জুলাই ২০১৮ তারিখ হতে https://joinbangladesharmy.army.mil.bd ওয়েবসাইটের মাধ্যমে অনলাইনে আবেদন করা যাবে। এক্ষেত্রে ওয়েবসাইটে প্রবেশ করে Home Page এর উপরে ডান কোনায় **APPLY NOW** তে ক্লিক করে **19th DSSC (Special Purpose) AMC**-তে Apply করতে হবে। আবেদনকারী প্রার্থীগণ টেলিটক (প্রি-পেইড) এসএমএস, Trust Bank t-cash, Bkash/Mkash, VISA ও Master Card এর মাধ্যমে ১,০০০ (এক হাজার) টাকা (অফেরতযোগ্য) আবেদন ফি প্রদান করতে পারবেন। আবেদন প্রক্রিয়াতেই ওয়েবসাইটে বর্ণিত পদ্ধতি অনুসরণ করে আবেদন ফি প্রদান করা যায় এবং তাৎক্ষণিকভাবে মৌখিক পরীক্ষার জন্য কল-আপ লেটার পাওয়া যায়।

১১। অনলাইনে আবেদন করা সম্ভব না হলে আবেদনপত্র প্রাপ্তির জন্য শুধু সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে "সেনাসদর, এ্যাডজুটেন্ট জেনারেল শাখা, পার্সোনেল এ্যাডমিনিস্ট্রেশন পরিদপ্তর, ঢাকা সেনানিবাস" এর নামে এবং সোনালী ব্যাংক, ঢাকা সেনানিবাস, কর্পোরেট শাখার অনুকূলে প্রদানযোগ্য ১,০০০/- (এক হাজার) টাকার (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডার সেনাবাহিনী সদর দপ্তর, এ্যাডজুটেন্ট জেনারেল শাখা, পার্সোনেল এ্যাডমিনিস্ট্রেশন পরিদপ্তর (পিএ-২), ঢাকা সেনানিবাসে জমা দিয়ে আবেদনপত্র সংগ্রহ ও পূরণ শেষে জমা করা যাবে।

### নির্বাচন পদ্ধতিঃ

১২। মৌখিক পরীক্ষা। আগামী ২৮ আগস্ট ২০১৮ তারিখে ডিজিএমএস অফিস, ঢাকা সেনানিবাসে অনুষ্ঠিত হবে। আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতঃ প্রার্থীরা কল-আপ লেটার প্রিন্ট করে নিবেন এবং মৌখিক পরীক্ষার সময় কল-আপ লেটার সাথে বহন করবেন। মৌখিক পরীক্ষার সময় সকল পরীক্ষার সর্টিফিকেট, মার্কসীট এবং বিএমডিসি'র সর্টিফিকেটসমূহ এর মূলকপি প্রদর্শন করতে হবে।

১৩। আইএসএসবি। অংশগ্রহন প্রয়োজন নেই।

১৪। পরীক্ষার ফলাফল। https://joinbangladesharmy.army.mil.bd ওয়েবসাইটে প্রকাশিত হবে।

**আবেদনের শেষ তারিখঃ ১৮ আগস্ট ২০১৮**
**অনলাইনে আবেদন করতে ভিজিট করুন**
**https://joinbangladesharmy.army.mil.bd**

### প্রশিক্ষণঃ

১৫। প্রশিক্ষণ/কমিশন। বাংলাদেশ মিলিটারি একাডেমি, ভাটিয়ারী, চট্টগ্রাম-এ স্বল্পকালীন প্রশিক্ষণ সমাপনান্তে মেজর পদে কমিশন প্রদান।

### প্রাপ্ত সুযোগ-সুবিধাঃ

১৬। পশ্চাৎ প্রবীণতা (এ্যান্টিডেট সিনিয়রিটি)। বিএমএ'তে যোগদানের তারিখ হতে ০৪ (চার) বছর।

১৭। প্রশিক্ষণকালীন ও তৎপরবর্তী বেতন-ভাতা। নির্বাচিত হওয়ার পরই ট্রেইনি অফিসার হিসেবে বিএমএতে যোগদান ও মেজর পদবীতে বেতন-ভাতা প্রদান। থোক মঞ্জুরী (Lump Sum Grant) ৫৯,১৫০/- (কমিশন প্রাপ্তির পর টাকা ২৯,৫৭৫/- এবং কমিশন নিয়মিত করণের পর ২৯,৫৭৫/-) টাকা পাবেন।

১৮। অন্যান্য সুযোগ সুবিধাদিঃ

ক। মেজর পদে কমিশন প্রাপ্তি ও ০৪ (চার) বছরের পশ্চাৎপ্রবীণতা।

খ। বিদেশে প্রশিক্ষণ ও উচ্চতর শিক্ষা লাভের সুযোগ।

গ। জাতিসংঘ শান্তিরক্ষী বাহিনীতে যোগদান করে আর্থিক সচ্ছলতা অর্জন ও বিদেশ ভ্রমণের সুযোগ।

ঘ। নিরাপদ ও মনোরম পরিবেশে মানসম্পন্ন বাসস্থান প্রাপ্তি।

ঙ। নির্ধারিত শর্ত সাপেক্ষে ডিওএইচএস/এএইচএস-এ প্লট/ফ্ল্যাট প্রাপ্তির সুবিধা।

চ। বিনা খরচে দেশে ও বিদেশে উন্নতমানের চিকিৎসা লাভের সুযোগ।

ছ। নিজ সন্তানদের জন্য ক্যাডেট কলেজ, আর্মড ফোর্সেস মেডিক্যাল কলেজ, মিলিটারি ইনষ্টিটিউট অব সাইন্স এন্ড টেকনোলজি, বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস্ এবং সেনাবাহিনীর তত্ত্বাবধানে পরিচালিত স্কুল/কলেজসমূহে নির্ধারিত কোটার ভিত্তিতে অধ্যয়নের সুযোগ।


পরিচালক
পার্সোনেল এ্যাডমিনিস্ট্রেশন পরিদপ্তর
এ্যাডজুটেন্ট জেনারেল শাখা, সেনাবাহিনী সদর দপ্তর, ঢাকা সেনানিবাস


অতিরিক্ত তথ্যের জন্য যোগাযোগ করুন ঃ
কমিশন তথ্য সেল। সামরিক এক্সচেঞ্জঃ ০২-৮৭১১১১১ বর্ধিত ২৪৮২ অথবা ০২-৯৮৩২৪৯৬ (সরাসরি) অথবা সেনাবাহিনী ওয়েব সাইট https://joinbangladesharmy.army.mil.bd